

২৩/১২/২০২৬

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৩০৪.০২.০১৬.২৩- ৭১৩

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা নড়াইল জেলার সকল বৈধ আগ্নেয়াস্ত্রধারীগণকে জানানো যাচ্ছে যে, জেলার সকল সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও ব্যক্তিমালিকানায় থাকা বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ ২০২৪ সালের জন্য নিম্নবর্ণিত তারিখ ও স্থানে নবায়ন করা হবে। লাইসেন্সধারীগণ তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি এবং ১৫% ভ্যাট নিম্নবর্ণিত কোডে চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি, লাইসেন্স, আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমার রশিদসহ) ধার্য তারিখ ও সময়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উপস্থিত হয়ে দাখিল করবেন।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সূচি

ক্রম	উপজেলার নাম	নবায়নের তারিখ ও সময়	নবায়নের স্থান	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	নড়াইল জেলার সদর উপজেলাসহ সকল উপজেলা	০৪-৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)	জুডিসিয়াল মুঙ্গিখানা জেলা প্রশাসকের কার্যালয় নড়াইল	সহকারী কমিশনার জুডিসিয়াল মুঙ্গিখানা জেলা প্রশাসকের কার্যালয় নড়াইল
২.	লোহাগড়া উপজেলা	০৫-০৬ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল	জনাব নুরেন মায়িশা খান সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয় নড়াইল
৩.	কালিয়া উপজেলা	১৯-২০ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইল	জনাব মোঃ জিসান আলী সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয় নড়াইল

নবায়নের জন্য প্রদেয় ফি

লাইসেন্সধারীর প্রকার	আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি	নবায়ন ফি জমার কোড নম্বর	ভ্যাট (নবায়ন ফি'র ১৫%)	ভ্যাট জমার কোড নম্বর
ব্যক্তি পর্যায়ে	পিস্তল/রিভলবার	১০,০০০/- (দশ হাজার)	১-২২১১-০০০০-১৮৫৯	১,৫০০/-	১-১১৩৩-০০১৫-০৩১১
	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার)		৭৫০/-	
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লং ব্যারেল	৫,০০০/- (পাঁচ হাজার)		৭৫০/-	
প্রতিষ্ঠান পর্যায়ে	লং ব্যারেল	১০,০০০/- (দশ হাজার)		১,৫০০/-	
ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান	--	৫,০০০/- (পাঁচ হাজার)		৭৫০/-	
সেফ কিপিং	--	৩,০০০/- (তিন হাজার)		৪৫০/-	

০২. নীতিমালার ৩১ এর গ অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নবায়ন না করতে পারার জন্য সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে।

০৩. নীতিমালার ৩১ এর ঘ অনুচ্ছেদ অনুযায়ী আবেদন সন্তোষজনক বিবেচিত হলে পূর্ণ লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে।

০৪. নীতিমালার ৩১ এর ঙ অনুচ্ছেদ অনুযায়ী ধারাবাহিকভাবে ৫ (পাঁচ) বছরের অধিককাল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করা না হলে নবায়নের কোন আবেদন বিবেচনা করা হবে না।

০৫. নীতিমালার ৩১.৬ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাৎকার এবং অস্ত্র ব্যবহারে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করা হবে। তবে লাইসেন্সধারীর বয়স ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।

মোহাম্মদ আশরাফুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল

ফোন-০২-৪৭৭৭৩৩০১

ই-মেইলঃ dcnarail@mopa.gov.bd